

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৯৯

আগরতলা, ২১ নভেম্বর, ২০২৪

পিলাক প্রত্নতাত্ত্বিক কেন্দ্র পরিদর্শনে রাজ্যপাল
ঐতিহাসিক ও সাংস্কৃতিক দিক দিয়ে ত্রিপুরা সমৃদ্ধ রাজ্য



ঐতিহাসিক ও সাংস্কৃতিক দিক দিয়ে ত্রিপুরা সমৃদ্ধ রাজ্য। এই রাজ্যে অনেকগুলি ঐতিহাসিক পর্যটন কেন্দ্র রয়েছে। আজ জোলাইবাড়িতে পিলাক প্রত্নতাত্ত্বিক কেন্দ্র পরিদর্শন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু সংবাদমাধ্যমকে একথা জানান। প্রসঙ্গক্রমে তিনি বলেন, ত্রিপুরা দেশের অন্যান্য রাজ্যগুলির সঙ্গে উন্নয়নের নিরিখে প্রতিযোগিতায় রয়েছে এবং সামনের দিকে এগিয়ে যাচ্ছে।

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু আজ পিলাক প্রত্নতাত্ত্বিক ও পর্যটন কেন্দ্রে পৌঁছালে দক্ষিণ ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক প্রদীপ কে, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক মনোজ কুমার সাহা এবং ভারতীয় পুরাতত্ত্ব বিভাগের আইজল সার্কেলের সহকারি তত্ত্বাবধায়ক ড. সালাম শ্যাম সিং রাজ্যপালকে স্বাগত জানান। দক্ষিণ জেলা পুলিশের পক্ষ থেকে রাজ্যপালকে গার্ড অব অনার দেওয়া হয়। এরপর রাজ্যপাল পিলাকের হিন্দু ও বৌদ্ধ প্রত্নতাত্ত্বিক নিদর্শনগুলি ঘুরে দেখেন। পরিদর্শনের সময় ভারতীয় পুরাতত্ত্ব বিভাগের আইজল সার্কেলের সহকারি তত্ত্বাবধায়ক ড. সিং প্রত্নতাত্ত্বিক নিদর্শনগুলি সম্পর্কে রাজ্যপালকে বিস্তারিতভাবে অবহিত করেন। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু এরপর পিলাক মিউজিয়ামটিও পরিদর্শন করেন। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।
